

# জলঢাকায় একদিনে ৮৬ পিএসসি পরীক্ষার্থী বহিষ্কার

সংবাদ : | প্রতিনিধি, জলঢাকা (নীলফামারী)

| ঢাকা, শুক্রবার, ২২ নভেম্বর ২০১৯

নীলফামারীর জলঢাকায় একদিনে দুটি কেন্দ্র থেকে চলতি প্রাথমিক সমাপনী (পিইসি) ও এবতেদায়ী পরীক্ষায় ৮৬ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করেছেন উপজেলা নির্বাহী অফিসার সুজাউদ্দৌলা ও সহকারী কমিশনার (ভূমি) গোলাম ফেরদৌস। গত মঙ্গলবার দুপুরে চিড়াভিজা গোলনা উচ্চ বিদ্যালয় কেন্দ্রে আরবি পরীক্ষা চলাকালীন সময়ে ওই কেন্দ্রের এবতেদায়ী শাখায় ৬ষ্ঠ থেকে অষ্টম শ্রেণীর শিক্ষার্থীরা বিভিন্ন মাদ্রাসার হয়ে পরীক্ষার দেওয়ার অভিযোগে ৮০জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। বহিষ্কৃত সুবাই গোলনা ইউনিয়নের ১০টি মাদ্রাসার হয়ে পরীক্ষা দিচ্ছিল। কেন্দ্র সচিব ও চিড়াভিজা গোলনা উচ্চ-বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবু জায়েদ আল নওরোজি বলেন, ‘অভিযোগের প্রেক্ষিতে সহকারী শিক্ষা কর্মকর্তা হারুন-অর রশিদকে সঙ্গে নিয়ে যাচাই করলে দেখা যায় যে ওই মাদ্রাসার পরীক্ষার্থীরা বিভিন্ন মাদ্রাসা ও স্কুলের ৬ষ্ঠ থেকে অষ্টম শ্রেণীর শিক্ষার্থী। পরে পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের সঙ্গে কথা বলে

আভ্যোগের সত্যতা মূলে এবং তৎক্ষণাত উপজেলা নির্বাহী কর্মকর্তা সুজাউদ্দৌলা'র উপস্থিতিতে তাদের বহিষ্কার করা হয়। কেন্দ্র সচিব আরও বলেন, এ কেন্দ্রে ১০ টি মাদ্রাসার ১১৮ জন শিক্ষার্থী ইবতেদায়ী শাখায় অংশগ্রহণ করেছিল। ” এ বিষয়ে ওই কেন্দ্রে দায়িত্বরত সহকারী শিক্ষা কর্মকর্তা হারুন-অর রশিদ বলেন, ‘বিধি মোতাবেক অভিযুক্ত প্রতিষ্ঠানগুলোর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে। ” অপরদিকে একইদিনে উপজেলার শৌলমারী উচ্চ-বিদ্যালয় কেন্দ্রে সদ্য জাতীয়করণকৃত পুরান তিস্তা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৬ শিক্ষার্থীকে অন্য বিদ্যালয়ের ৬ষ্ঠ ও ৮ম শ্রেণীর শিক্ষার্থী হওয়ার অপরাধে বহিষ্কার করেছেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) গোলাম ফেরদৌস। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার সুজাউদ্দৌলা বলেন, “ অভিযুক্ত প্রতিষ্ঠানগুলোর শিক্ষার্থীরা চলতি প্রাথমিক সমাপনী পরীক্ষায় আর অংশ নিতে পারবে না এবং ওই প্রতিষ্ঠানগুলোর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। ’